দৈনিক ইত্তেফাক

তারিখ 27 JUL 1995
পৃষ্ঠা ১ কলাম ১

73

## পরীক্ষকরা এখন আর খাতা দেখিতে উৎসাহী নন

বরিশাল অফিস ॥ যশোর বোর্ডের পরীক্ষকরা এখন আর উত্তরপত্র দেয়ার জন্য তেমন উৎসাহী নন। কম্পিউটার পদ্ধতিতে ফলাফল ঘোষণা শুরু হওয়ার

( ২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## পরীক্ষকরা এখন

( ১ম পৃঃ পর )

পর হইতে তাহাদের উৎসাহে ভাটা পড়িয়াছে। কারণ এখন উত্তরপত্রের 'টপশীট' পূরণে তাহাদের অধিক সময় ব্যয় হয়। উহা পূরণ নির্ভুল না হইলে পরীক্ষার ফলাফল প্রকাশে বিঘ্ন ঘটে। এ কারণেই বহু শিক্ষক এ বছর উত্তরপত্র বরাদ্দ পাওয়ার পরও উহা আনে নাই। কোন কোন শিক্ষকের ভাগ্যে এজন্য এইচএসসি পরীক্ষার নির্দিষ্ট বরাদ্দের ২/৩ গুণ বেশী উত্তরপত্র জুটিয়াছে। পূর্বে পরীক্ষক হওয়ার জন্য বোর্ডে তদবির চালানো হইত। এখন পরীক্ষক না হওয়ার জন্য তদবির চলিতেছে। একজন পরীক্ষক জানান, উত্তরপত্র দেয়ার পরও প্রতিটি 'টপশীট' পূরণে কমপক্ষে ১৫ মিনিট সময়ের প্রয়োজন হয়। কাজ বাড়িলেও সম্মানী বাড়ে নাই।